

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

www.dss.gomostapur.chapainawabganj.gov.bd

স্মারক নং: ৪১.০১.৭০৩৭.০০০.১৬.০০১.২৩. ৬২৭

তারিখ: ০৪ অক্টোবর ২০২৩ খ্রি.
১৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ.

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচী'র আওতায় বাস্তবায়িত লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিতসহ মৃত এবং বিবাহিত ভাতাভোগীর তালিকা প্রেরণ প্রসঙ্গে।


সূত্র: স্মারক নং-৪১.০১.০০০০.০৪৯.০৬.০১৬.২১.৭০১, তারিখ: ২০/০৯/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ এর মাধ্যমে বাস্তবায়িত ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সরাসরি ইউনিয়ন পরিষদ ও রহনপুর পৌরসভায় দুই ধাপে সম্পন্ন করা হয়েছে। এ সময় লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিত ব্যক্তিদের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও সমাজসেবা অফিসে প্রকাশ্যে টানানোর ব্যবস্থা করতে হবে মর্মে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা দেয়া হয়েছে। পত্রের আরও বলা হয়েছে যে, লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিত ব্যক্তিবর্গ নভেম্বর/২৩ এর মধ্যে সংশ্লিষ্ট সমাজসেবা অফিসে হাজির না হলে নির্ধারিত কমিটির মাধ্যমে নীতিমালা অনুযায়ী তাদের নিরুদ্দেশ ঘোষণা করে তদস্থলে উপকারভোগীর প্রতিস্থাপনপূর্বক ২য় কিস্তির পেরোল প্রদান করতে হবে।

এমতাবস্থায়, সামাজিক নিরাপত্তা কর্মসূচী'র আওতায় উপজেলা সমাজসেবা কার্যালয়, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ এর মাধ্যমে বাস্তবায়িত লাইভ ভেরিফিকেশনে অনুপস্থিতসহ মৃত এবং বিবাহিত ভাতাভোগীর তালিকা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

১। তালিকা- পাতা।



নূরুল ইসলাম

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন- ০২৫৮৮৮৯৫৭৫২

মেয়র, রহনপুর পৌরসভা, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল)

গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

সদয় দৃষ্টি আকর্ষণ:

১। উপজেলা নির্বাহী অফিসার, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪৪, চাঁপাইনবাবগঞ্জ-২

২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ

৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ

৫। অফিস কপি।